

নাজিরপুরে মাদ্রাসা ছাত্রকে পিটিয়ে হত্যা

■ নাজিরপুর (পিরোজপুর) স্বেদাদাতা

পিরোজপুরের নাজিরপুর উপজেলার জয়পুর গ্রামে মামা বাড়িতে বেড়াতে এসে পারিবারিক কলহের কারণে খালু ও খালতো ভাইদের হামলায় মো. নজরুল ইসলাম (২০) নামের এক মাদ্রাসা ছাত্র নিহত হয়েছে বলে অভিযোগ পাওয়া গেছে। নিহত নজরুল পার্শ্ববর্তী বুইচাকাঠী গ্রামের বেলাল মোল্লার পুত্র। পুলিশ এ ঘটনায় নিহত নজরুলের খালা ফরিদা বেগমকে (৫০) গ্রেপ্তার করেছে।

স্থানীয় ও পারিবারিক সূত্রে জানা গেছে, গত ৭ ডিসেম্বর জয়পুর গ্রামের তার নামা ইদ্রিস মোল্লার বাড়িতে বেড়াতে এলে একই বাড়িতে বসবাসরত নজরুলের খালু হবি শেখ ও তার ছেলেরা মামা বাড়ির সম্পত্তি বন্টনের পারিবারিক কলহের জের ধরে নজরুলকে বেধড়ক পিটিয়ে গুরুতর আহত করে। ঐ দিন আহত নজরুলকে প্রথমে নাজিরপুর হাসপাতালে ভর্তি করা হয়। অবস্থার অবনতি ঘটলে খুলনা মেডিকেল কলেজ হয়ে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে স্থানান্তর করা হয়। গতকাল রবিবার সকালে আহত নজরুল মারা যায়। এ বিষয়ে নিহত নজরুলের বাবা বেলাল মোল্লা সাংবাদিকদের জানান, একমাত্র ছেলের মৃত্যুর খবর পেয়ে থানায় জানানো হয়েছে।

নাজিরপুর থানার অফিসার ইনচার্জ মো. নাসিরউদ্দিন মল্লিক জানান, ঘটনার বিষয়ে জেনে অভিযুক্ত একজনকে গ্রেপ্তার করা হয়েছে।